গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সহকারী পরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা

এবং

মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(APA)

১ জুলাই, ২০১৯ -  ৩০ জুন, ২০২০

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা কর্মসম্পাদনের সার্বিক চিত্র ............................................. | ৩ |
| উপক্রমণিকা (Preamble) ..................................................................................... | ৪ |
| সেকশন ১ : খুলনা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি.................................................................................... | ৫ |
| সেকশন ২ : খুলনা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমূহ | ৬ |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | ৭ |
| সংযোজনী ১ : শব্দসংক্ষেপ | ৯ |
| সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১০ |
| সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠপর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১১ |

## বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা'র কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of Divisional Government Public Library, Khulna)

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

জ্ঞানমনস্ক আলোকিত সমাজ বিনির্মাণের লক্ষ্যে খুলনার জনগোষ্ঠীর নিবিড় প্রত্যাশা পূরণে নিজ সক্ষমতা অনুযায়ী সর্বোচ্চ প্রয়াস নিয়োজিত করা খুলনা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের মুখ্য কাজ। প্রধানত: আলোকবর্তিকাবাহী বই পাঠে সর্বসাধারণকে অবিরাম উদ্বুদ্ধ করা এবং বিজ্ঞানভিত্তিক আধুনিক তথ্য-প্রযুক্তি-সম্বলিত সুবিধাদির দ্বারা সময়-সাশ্রয়ী কার্যকর তথ্যসেবা প্রদান করা এ প্রয়াসের অন্তর্ভুক্ত। উদ্দিষ্ট লক্ষ্য অর্জনে খুলনা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার সাম্প্রতিক বছরগুলিতে (বিগত তিন বছর) গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা থেকে **১৩,২০২ (তের হাজার দুইশত দুই) টি** পুস্তক সংগ্রহ করেছে। ক্রমান্বয়ে পাঠকসংখ্যা ও পাঠাভ্যাস বৃদ্ধি কার্যক্রম জোরদারকরণে উৎসাহ প্রদানের জন্য খুলনা জেলাব্যাপী বিভিন্ন জাতীয় দিবসভিত্তিক রচনা, বইপাঠ, পাঠচক্র, চিত্রাঙ্কন, ছড়া ও কবিতা আবৃত্তির ২৪টি অনুষ্ঠানের আয়োজন করেছে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদেরকে পুরস্কার হিসেবে বই এবং প্রশংসাব্যঞ্জক সনদ প্রদান করেছে। এ সময়ে খুলনা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার থেকে প্রায় তিন লক্ষাধিক পাঠককে পাঠকসেবা এবং তথ্য ও রেফারেন্স সেবা প্রদান করা হয়েছে। এছাড়াও বেসরকারি গণগ্রন্থাগার পরিদর্শন ও তালিকাভুক্তকরণ এবং গ্রন্থাগারের সদস্য অন্তর্ভুক্তিকরণের কাজেও এসেছে গতিশীলতা। গণগ্রন্থাগার অধিদপ্তরের বাস্তবায়নাধীন **'দেশব্যাপী ভ্রাম্যমান লাইব্রেরি প্রকল্প'** এর মাধ্যমে খুলনা সিটি কর্পোরেশনের আওতায়ন ভ্রাম্যমান লাইব্রেরি সেবা কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়াও **'অনলাইনে গণগ্রন্থাগারসমূহের ব্যবস্থাপনা ও উন্নয়ন'** শীর্ষক প্রকল্পের মাধ্যমে লাইব্রেরি সেবা কার্যক্রম আরও গতিশীল ও স্বচ্ছন্দ করার জন্য গ্রন্থাগারে সোলার সিস্টেম স্থাপনের মাধ্যমে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং পাঠাভ্যাস বৃদ্ধিকল্পে এই প্রকল্পের মাধ্যমে খুলনা জেলার আওতাধীন সকল উপজেলা পর্যায় থেকে বইপাঠ প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সর্বসাধারণের পাঠাভ্যাস বৃদ্ধি এবং বিজ্ঞানভিত্তিক আধুনিক তথ্য-প্রযুক্তি-সম্বলিত তথ্যসেবা প্রদান খুলনা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের প্রধানতম কাজ হওয়ায় এ কাজ সম্পাদনের আবশ্যিক পূর্বশর্ত হলো জনসাধারণের চাহিদামাফিক বই সরবরাহ করা এবং আধুনিক তথ্য-প্রযুক্তি-সম্বলিত তথ্যসেবা প্রদানের সুবিধাদি নিশ্চিত করা। কিন্তু বাজেট বরাদ্দের অপ্রতুলতা, সাম্প্রতিক পুস্তকের সংখ্যা-স্বল্পতা, স্থান সংকুলানে প্রতিকূলতা, জনবলের সীমাবদ্ধতা এবং সুদীর্ঘকাল পূর্বে নির্মিত গণগ্রন্থাগার ভবনের জরাজীর্ণতা এ কার্যালয়ের প্রধান সমস্যা। পুরোনো ভবন ভেঙ্গে বহুতল বিশিষ্ট নতুন ভবন নির্মাণ এবং অনলাইন লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তন এ গণগ্রন্থাগারের উল্লেখযোগ্য চ্যালেঞ্জ।

- **ভবিষ্যৎ পরিকল্পনা:**

বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা কে যথাযথ মানসম্পন্ন সেবা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ভবিষ্যৎ পরিকল্পনায় স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি এবং দীর্ঘমেয়াদি বেশ কিছু কার্যক্রম গ্রহণ করা হয়েছে। স্বল্পমেয়াদি পরিকল্পনার মধ্যে নতুন পুস্তক ও প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহকরণ। মধ্যমেয়াদি পরিকল্পনার আওতায় বিদ্যমান গণগ্রন্থাগার ভবনের সংস্কার, অনলাইন লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তন এবং নতুন বহুতল ভবন নির্মাণসহ গ্রন্থাগার সুবিধার অধিকতর উন্নয়ন এবং সাংগঠনিক কলেবর বৃদ্ধিকরণ ইত্যাদি কার্যক্রম দীর্ঘমেয়াদি পরিকল্পনার আওতাভুক্ত রয়েছে।

**২০১৯-২০২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারে ইন্টারনেট/ওয়াইফাই সংযোগ প্রদান সম্পন্নকরণ।
- জাতীয় দিবসসমূহে পাঠচক্রসহ বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন।
- জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০ উদযাপন।
- প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণ গ্রহণ।
- গুনগত পাঠক সংখ্যা বৃদ্ধি।
- ভ্রাম্যমান লাইব্রেরি সেবা কার্যক্রম অধিকতর সম্প্রসারণ।

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষে-

সহকারী পরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা

এবং

মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর-এর মধ্যে ২০১৯
সালের ............ মাসের.............. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ-

## সেকশন ১

## খুলনা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি(Functions)

**১.১ রূপকল্প (Vision)** : জ্ঞানমনস্ক আলোকিত সমাজ।

**১.২ অভিলক্ষ্য (Mission)** : জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে খুলনা বিভাগের সমগ্র জনগোষ্ঠীকে বিজ্ঞান ও আধুনিক তথ্য-প্রযুক্তিভিত্তিক সুবিধাদি-সম্বলিত সময়-সাশ্রয়ী পাঠকসেবা ও তথ্যসেবা প্রদানের মাধ্যমে জ্ঞান ও প্রজ্ঞায় বিকশিত ও সমৃদ্ধকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

#### ১.৩.১ খুলনা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার এর কৌশলগত উদ্দেশ্য :

১. পাঠকসেবার মানোন্নয়ন।
২. তথ্য ও যোগাযোগ সেবার সম্প্রসারণ।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য:

১। দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন।
২। উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন।
৩। প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন।
৪। তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।
৫। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি (Functions):

১। বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার খুলনা এর পাঠক-চাহিদা মোতাবেক প্রাপ্ত পাঠসামগ্রী সংগঠন, বিন্যাস, সংরক্ষণ ও বিতরণ (Dissemination)।
২। পাঠাভ্যাস বৃদ্ধি উৎসাহিতকরণে জাতীয় দিবসসমূহে বিভিন্ন প্রতিযোগিতা যেমন- রচনা, বইপাঠ, পাঠচক্র, ছড়া ও কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, গল্প বলা ইত্যাদি অনুষ্ঠান এবং পুরস্কার ও সনদ প্রদান।
৩। পাঠকদের রেফারেন্স ও তথ্যসেবা এবং পুস্তক লেনদেন সেবা বৃদ্ধিকরণ।
৪। বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি-ভিত্তিক ইন্টারনেট সেবা প্রদান।
৫। জেলা লাইব্রেরিসমূহে ইন্টারনেট সেবাদান নিশ্চিতকরণে সহযোগিতা প্রদান।
৬। বেসরকারি গণগ্রন্থাগার তালিকাভূক্তিকরণ ও জরিপ।

# সেকশন ২
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ Target/Criteria Value for FY(2019-20) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতিমান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| খুলনা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] পাঠকসেবার মানোন্নয়ন | ৬৫ | [১.১] পাঠকসেবা | পাঠক উপস্থিতি | সংখ্যা (হাজার) | ১০ | ১১৫.৭৪৩ | ৭৯.৫৭৬ | ৮০ | ৭২ | ৬৪ | ৫৬ | ৪৮ | ৮৫ | ৯০ |
| | | [১.২] রেফারেন্স প্রশ্নোত্তর সেবা | পাঠক উপস্থিতি | সংখ্যা (হাজার) | ৫ | ৭.৪৯২ | ৫.৬৩০ | ৬ | ৫.৪ | ৪.৮ | ৪.২ | ৩.৬ | ৭ | ৮ |
| | | [১.৩] প্রতিযোগিতা/ অনুষ্ঠানের সংখ্যা | অনুষ্ঠান | সংখ্যা | ১০ | ৯ | ৭ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১১ | ১২ |
| | | [১.৪] প্রতিযোগিতা/ ইভেন্ট সংখ্যা | ইভেন্ট | সংখ্যা | ১০ | ১৭ | ১৩ | ১৪ | ১২.৬ | ১১.২ | ৯.৮ | ৮.৪ | ১৪ | ১৫ |
| | | [১.৫] প্রতিযোগিতা/ গ্রুপ সংখ্যা | গ্রুপ | সংখ্যা | ১০ | ৪০ | ৩৬ | ৩৮ | ৩৪.২ | ৩০.৪ | ২৬.৬ | ২২.৮ | ৩৭ | ৩৮ |
| | | [১.৪] প্রতিযোগিতা অনুষ্ঠান/ অংশগ্রহণকারী | অংশগ্রহণকারী | সংখ্যা (হাজার) | ১০ | ১.২৬২ | ০.৮৩৫ | ১.০০ | ০.৯০০ | ০.৮০০ | ০.৭০০ | ০.৬০০ | ১.০২ | ১.০৩ |
| | | [১.৫] পাঠসামগ্রী সংগ্রহ | পুস্তক সংখ্যা | সংখ্যা (হাজার) | ৫ | ৬.৬৪৫ | ০.০০ | ১.৫ | ১.৩৫ | ১.২০ | ১.০৫ | ০.৯০ | ১.৭ | ১.৮ |
| | | [১.৬] জাতীয় গ্রন্থাগার দিবস উদ্‌যাপন | দিবস উদ্‌যাপন | তারিখ | ৫ | ৫ ফেব্রু. ১৮ | ৫ ফেব্রু. ১৯ | ৫ ফেব্রু. ২০ | - | - | - | - | ৫ ফেব্রুয়ারি | ৫ ফেব্রুয়ারি |
| [২] তথ্য ও যোগাযোগ সেবার সম্প্রসারণ | ১৫ | [২.১] ইন্টারনেট সেবা প্রদান | ব্যবহারকারী | সংখ্যা (হাজার) | ১৫ | ৫.০২২ | ৪.৫ | ৫ | ৪.৫ | ৪ | ৩.৫ | ৩ | ৫.১০ | ৫.১৫ |

## বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার খুলনা'র (মাঠ পর্যায়ের দপ্তর/সংস্থার) ২০১৯-২০ অর্থসালের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (সংযুক্তি-ক)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান (২০১৯-২০২০) (Target Value 2019-2020) | | | | |
| | | | | | | অসাধারণ Excellent | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতিমান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৬ | [১.১] বার্ষিক সর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [১.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘণ্টা | ০.৫ | ৬০ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [১.১.৩] ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | সংখ্যা | ০.৫ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.৪] ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ৩১ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১০ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৪ ফেব্রুয়ারি, ২০২০ |
| | | [১.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [১.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - |
| | | | [১.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ৯ | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ১.০ | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | - |
| | | | [১.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন উর্ধ্বতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | - | - |
| | | | [১.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর ২০১৯ | ১৫ জানুয়ারি ২০২০ | ০৭ ফেব্রুয়ারি ২০২০ | ১৭ মার্চ ২০২০ | ২৮ এপ্রিল ২০২০ |
| [২] কর্মসম্পাদন গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২..১] ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [২.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [২.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১.০ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | [২.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১.০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | [২.২] দপ্তর/সংস্থা কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [২.২.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১.০ | ১১ মার্চ, ২০২০ | ১৮ মার্চ ২০২০ | ২৫ এপ্রিল ২০২০ | ১৫ মে ২০২০ | ২৮ মে ২০২০ |
| | | [২.৩] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [২.৩.১] পিআরএল আদেশ জারিকৃত | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [২.৩.২] ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান (২০১৯-২০২০) (Target Value 2019-2020) | | | | |
| | | | | | | অসাধারণ Excellent | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতিমান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | [২.৪] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.৪.১] অফিসের সকল তথ্যহালনাগাদকৃত | % | ২.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| [৩] আর্থিক সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রনীত | তারিখ | ১.০ | ১৬ সেপ্টেম্বর ২০১৯ | ২০ সেপ্টেম্বর২০১৯ | ২৪ সেপ্টেম্বর ২০১৯ | ২৮ সেপ্টেম্বর ২০১৯ | ৩০ সেপ্টেম্বর ২০১৯ |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০ | ৪ | ৩ | - | - | - |
| | | [৩.২] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি ২০২০ | ১১ ফেব্রুয়ারি ২০২০ | ১৮ ফেব্রুয়ারি২০২০ | ২৫ ফেব্রুয়ারি২০২০ | ০৪ মার্চ ২০২০ |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৮ ফেব্রুয়ারি, ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | [৩.৪] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৪.১] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.২] টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | ]৩.৪.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

সংযোজনী-১

# শব্দ-সংক্ষেপ (Acronyms)



APA-2015 New

আমি সহকারী পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা এর মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকবো।

আমি, মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা সহকারী পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনার নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবো।

স্বাক্ষরিত:

সহকারী পরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার,
খুলনা।

তারিখ: ২৭/০৬/১৯

মহাপরিচালক
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

তারিখ: ২৭/০৬/১৯

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণঃ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] বিদ্যমান গণগ্রন্থাগারসমূহের জন্য পাঠক চাহিদা মোতাবেক পাঠসামগ্রী সংগ্রহ | [১.১.১] সংগৃহীত পুস্তকের সংখ্যা | গণগ্রন্থাগার অধিদপ্তর থেকে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার খুলনা এর জন্য বই গ্রহণ। | গণগ্রন্থাগার অধিদপ্তর | গণনা, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের বিদ্যমান পরিসংখ্যান | |
| [১.২] প্রতিযোগিতা আয়োজন | [১.২.১] অংশগ্রহণকারীর সংখ্যা | বিভাগীয় পর্যায়ে জাতীয় দিবসসমূহ উদ্‌যাপন উপলক্ষে পাঠচক্র আহ্বানসহ অনুষ্ঠানাদি সম্পন্নকরণ, পুরস্কার ও সনদ বিতরণ। | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনাা | গণনা, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা হতে প্রাপ্ত প্রতিবেদন | |
| [১.৩] রেফারেন্স ও তথ্যসেবা প্রদান | [১.৩.১] পাঠক উপস্থিতি | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার খুলনা এর মাধ্যমে পাঠকসেবা ও পুস্তক লেনদেন কার্যক্রম সম্পাদন। | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা | গণনা, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা হতে প্রাপ্ত প্রতিবেদন | |
| [১.৪] ইন্টারনেট সেবা প্রদান | [১.৪.১] ব্যবহারকারী | বিভাগীয় পর্যায়ের গণগ্রন্থাগারে রবি আজিয়াটা লি. কর্তৃক ইন্টারনেট সেবা প্রদান। | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা | গণনা, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা হতে প্রাপ্ত প্রতিবেদন | |

**সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা**

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/ প্রত্যাশা | চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| | | | | | |

[ প্রযোজ্য নয় ]

২